EIIN: 138497 বিসমিল্লাহির রাহমানির রাহিম Code: 7788

# সিটি রেসিডেন্সিয়াল মডেল কলেজ

*(সেরাজ-মর্জিনা ফাউন্ডেশনের একটি প্রতিষ্ঠান)*

ডাকঘর: চিরিরবন্দর, উপজেলা: চিরিরবন্দর, জেলা: দিনাজপুর।

**EIIN NO-138497**

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি-

একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৪৫৫ তারিখ: ২৪/০৭/২০২৫ মোতাবেক ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে সিটি রেসিডেন্সিয়াল মডেল কলেজে একাদশ শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীরা নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনের মাধ্যমে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

**১। ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচন:**

২০২৩, ২০২৪ ও ২০২৫ সালে দেশের যে কোনো শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০২৩, ২০২৪ ও ২০২৫ সালে এস.এস.সি./সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

**২। আবেদনের জন্য ন্যূনতম যোগ্যতা:**

| শাখা | ন্যূনতম জিপিএ | আসন সংখ্যা |
|---|---|---|
| বিজ্ঞান | ৪.০০ | ২২০ |

**৩। প্রার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি:**

বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি ও চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ভর্তি নীতিমালা ও বিজ্ঞপ্তির অনুচ্ছেদ ৩.০ এর উপ অনুচ্ছেদ ৩.১, ৩.২, ৩.৩ ও ৩.৪ অনুযায়ী প্রার্থী নির্বাচন হবে।

**৪। প্রার্থী নির্বাচনের অনুসরণীয় পদ্ধতি (উপ অনুচ্ছেদ ৩.২ অনুযায়ী):**

কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ৯৩% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে যা মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ে কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য ১% এবং অধীনস্থ দপ্তর/সংস্থায় (তফসিল-ঘ অনুযায়ী) কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য ১% সহ মোট ২% কোটা মহানগর, বিভাগীয় ও জেলা সদরের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি জন্য ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে সংরক্ষিত থাকবে। যদি আবেদনকারীর সংখ্যা বেশি হয় সেক্ষেত্রে তাদের নিজেদের মধ্যে মেধার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারী/কর্তৃক দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে সেক্ষেত্রে তাঁর একধাপ উপরের উর্ধ্বতন কর্মকর্তার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার ভর্তির জন্য ৫% আসন সংরক্ষিত থাকবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের আসন নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রমাণপত্র/গেজেটের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং ভর্তির সময় মূল কপি প্রর্দশন করতে হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদ যথাযথভাবে যাচাই করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা পাওয়া না গেলে মেধা তালিকা থেকে উক্ত আসনে ভর্তি করতে হবে। কোন অবস্থায় আসন শূন্য রাখা যাবে না।

৫। **ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপে গ্রুপ নির্বাচন করতে পারবে:**

(ক) বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ শুধুমাত্র বিজ্ঞান শাখায় ভর্তি হতে পারবে;

(খ) বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড থেকে বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান শাখায় ভর্তি হতে পারবে;

(গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ বিজ্ঞান বিভাগে ভর্তির আবেদন করতে পারবে।

৬। **ভর্তির আবেদন, ফল প্রকাশ ও ভর্তি:**

| ক্রঃ নং | বিষয় | তারিখ |
|---|---|---|
| ১. | ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ (যারা পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করবে, আবেদনের যোগ্য হলে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে)<br>**** অনলাইনে আবেদনগুলো শিক্ষার্থীর পছন্দক্রম অনুযায়ী অটো মাইগ্রেশন প্রযোজ্য।** | ৩০/০৭/২০২৫ (বুধবার) থেকে ১১/০৮/২০২৫ (সোমবার) |
| ২. | আবেদন যাচাই, বাছাই ও আপত্তি নিস্পত্তি | ১২/০৮/২০২৫ (মঙ্গলবার) |
| ৩. | শুধুমাত্র পুন:নিরীক্ষণে ফলাফল পরিবর্তীত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ১৩/০৮/২০২৫ (বুধবার) থেকে ১৪/০৮/২০২৫ (বৃহস্পতিবার) |
| ৪. | পছন্দক্রম পরিবর্তনের তারিখ | ১৫/০৮/২০২৫ (শুক্রবার) |
| ৫. | ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ২০/০৮/২০২৫ (বুধবার রাত ৮:০০ টায়) |
| ৬. | শিক্ষার্থীর নির্বাচন নিশ্চয়ন (শিক্ষার্থী নিশ্চয়ন না করলে ১ম পর্যায়ের নির্বাচন এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে) | ফল পকাশের পর থেকে<br>২২/০৮/২০২৫ (শুক্রবার) (রাত ৮:০০ পর্যন্ত) |
| ৭. | ২য় পর্যায়ে আবেদন গ্রহণ | ২৩/০৮/২০২৫ (শনিবার) থেকে<br>২৫/০৮/২০২৫ (সোমবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৮. | পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ | ২৮/০৮/২০২৫ (বৃহস্পতিবার রাত ৮:০০ টায়) |
| ৯. | ২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ২৮/০৮/২০২৫ (বৃহস্পতিবার রাত ৮:০০ টায়) |
| ১০. | ২য় পর্যায়ের শিক্ষার্থীর নির্বাচন নিশ্চয়ন (শিক্ষার্থী নিশ্চয়ন না করলে ২য় পর্যায়ের নির্বাচন এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে) | ২৯/০৮/২০২৫ (শুক্রবার) থেকে ৩০/০৮/২০২৫ (শনিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ১১. | ৩য় পযায়ে আবেদন গহণ | ৩১/০৮/২০২৫ (রবিবার) থেকে ০১/০৯/২০২৫ (সোমবার) |
| ১২. | পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ০৩/০৯/২০২৫ (বুধবার রাত ৮:০০ টায়) |
| ১৩. | ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ০৩/০৯/২০২৫ (বুধবার রাত ৮:০০ টায়) |
| ১৪. | ৩য় পর্যায়ের শিক্ষার্থীর নির্বাচন নিশ্চয়ন (শিক্ষার্থী নিশ্চয়ন না করলে ৩য় পর্যায়ের নির্বাচন আবেদন বাতিল হবে) | ০৪/০৯/২০২৫ (বহস্পতিবার রাত ৮:০০ টা পযন্ত)<br>০৫/০৯/২০২৫ (শুক্রবার) |
| ১৫. | সর্বশেষ মাইগ্রেশনের ফল প্রকাশ | ০৫/০৯/২০২৫ (শুক্রবার) |
| ১৬. | ভর্তি | ০৭/০৯/২০২৫ (রবিবার) থেকে ১৪/০৯/২০২৫(রবিবার) |
| ১৭. | ক্লাস শুরু | ১৫ সেপ্টেম্বর, ২০২৫ (সোমবার) |

****** উলেখ্য অনলাইন ব্যতীত ম্যানয়ালি কোন ভতি কাযক্রম করা হবে না।**

৭। **অনলাইনে ভর্তির আবেদনের জন্য করণীয়:**

(ক) অত্র শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েবসাইটের ঠিকানা: www.xiclassadmission.gov.bd

(খ) অনলাইনে আবেদনের ক্ষেত্রে ২২০/- (দুইশত বিশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। অনলাইন এবং এসএমএস উভয় পদ্ধতিতে সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলি কলেজে আবেদন করবে তার মধ্যে থেকে শিক্ষার্থী মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

৮। অনলাইনে বোর্ড থেকে প্রাপ্ত ভর্তিযোগ্য প্রার্থীদের তালিকা কলেজের নোটিশ বোর্ড ও কলেজের ওয়েবসাইটে পাওয়া যাবে: www.ctcollege.edu.bd এ পাওয়া যাবে।

৯। বিস্তারিত তথ্যের জন্য বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে "একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৫"।

১০। ভর্তি সংক্রান্ত যেকোন তথ্য মন্ত্রণালয় অথবা বোর্ড কর্তৃক সংযোজন ও বিয়োজন হতে পারে।

**১১। ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের নিম্নোক্ত কাগজপত্রাদি পেশ করতে হবে-**

(ক) সিটি রেসিডেন্সিয়াল মডেল কলেজে নিশ্চায়নকৃত পেমেন্ট কপি।
(খ) প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও প্রশংসাপত্র (মূল কপি)।
(গ) শিক্ষার্থীর জন্মনিবন্ধনের ফটোকপি।
(ঘ) শিক্ষার্থীর মা-বাবা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
(ঙ) শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি।

**১২। ভর্তি সংক্রান্ত যে-কোনো তথ্যের জন্য যোগাযোগ করুন:**

**মোবাইল: ০১৩০৯-১৩৮৪৯৭, ০১৩০৯-১৩৮৪০১, ০১৭০১-৯১০৩৯০ ওয়েবসাইট: www.ctcollege.edu.bd**

স্বাক্ষরিত/
অধ্যক্ষ
সিটি রেসিডেন্সিয়াল মডেল কলেজ
চিরিরবন্দর, দিনাজপুর।
ই-মেইল: ctcollege2018@gmail.com